



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
কাউনিয়া, রংপুর।




স্মারক নং- ১৩.০১.৮৫৪২.০০২.৫৭.০০৬.২২-৬৩

তারিখঃ ১৭/০২/২০২৫ খ্রি.

### খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচী নীতিমালা-২০২৪ অনুযায়ী কাউনিয়া উপজেলার ০৬ (ছয়) টি ইউনিয়নের ২৫ (পঁচিশ) টি বিক্রয় কেন্দ্রে প্রতিটিতে ০১ (এক) জন করে সর্বমোট ২৫ (পঁচিশ) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। আগামী ১৮/০২/২০২৫ খ্রি. তারিখ হতে ২৭/০২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (বিকেল ৫.০০ টার মধ্যে) উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কাউনিয়া, রংপুর হতে আবেদন পত্র সংগ্রহ পূর্বক উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের সম্মুখে রক্ষিত বাক্সে মুখবন্ধ খামে জমা প্রদান করতে হবে। খামের উপর আবেদনকারীর নাম, আবেদিত বিক্রয়কেন্দ্রের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে। খাদ্যবান্ধব ডিলার সংক্রান্ত বিজ্ঞপ্তি/বিস্তারিত তথ্যাদি সরাসরি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, কাউনিয়া, রংপুর এবং ওয়েবসাইট [www.food.kaunia.rangpur.gov.bd](http://www.food.kaunia.rangpur.gov.bd) তে পাওয়া যাবে। উপজেলা খাদ্যবান্ধব কমিটি প্রয়োজনে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(মোঃ মহিদুল হক)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

কাউনিয়া, রংপুর।

4 x 4"